# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

মোবাইল ঃ
অফিস ঃ

অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)'র দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন, গ্রীন রোড, ঢাকা।
E-mail: adgpl.bwdb@gmail.com

Phone :
Office :


স্মারক নং-পরিকল্পনা/কমিটি/২০২০(৩য় খন্ড)/১৯ তারিখঃ ১১-১১-২০২০ খ্রিঃ

## সংশোধিত দপ্তরাদেশ

পরিকল্পনা কমিশনের সিদ্ধান্তের আলোকে "শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলার পদ্মা নদীর ডান তীরে সুরেশ্বর দরবার শরীফ ও পার্শ্ববর্তী এলাকা পদ্মা নদীর ভাঙ্গন হতে রক্ষার্থে ইতোপূর্বে বাস্তবায়িত নদী সংরক্ষণ কাজ শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের *পরিকল্পনা কমিশনে দাখিলকৃত* **ডিপিপি পুনঃগঠনের** নিমিত্ত মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ হালনাগাদ কারিগরি প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ ইতোপূর্বে গঠিত কারিগরি কমিটি পুনঃগঠন করা হলো। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ আবুল বাশার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা'র দপ্তর, বাপাউবো, বরিশাল। | সদস্য |
| ৪। | জনাব মোঃ আমিনুল ইসলাম, গবেষণা কর্মকর্তা(পরিবেশ ও বন), হাওর বন্যা ব্যবস্থাপনা প্রকল্প, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা(অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা দপ্তর, বাপাউবো, ঢাকা | সদস্য |
| ৬। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর পওর সার্কেল, বাপাউবো, ফরিদপুর। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত/বাস্তবায়নাধীন প্রকল্পটির আওতায় নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নে ডিপিপিতে বিভিন্ন অংগের ব্যয়ের যৌক্তিকতা নির্ধারণ করতঃ সংশ্লিষ্ট নদী/খালের প্রকৃতি, প্রভাব ও গতি প্রকৃতি (Morphological Change) Site Plan-এ প্রদর্শনপূর্বক ডিপিপি সংশোধনের যথার্থতা নিরূপণসহ সুপারিশমালা প্রণয়ন করবেন;

গ) প্রস্তাবিত এলাকার নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন এবং মাননীয় প্রধানমন্ত্রী'র ড্রেজিং সংক্রান্ত নির্দেশনা অনুসারে প্রকল্প সংশ্লিষ্ট নদী/খালসমূহের (channels) নাব্যতা ও প্রবাহ বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান অবকাঠামোসমূহের মেরামত/ পুনর্বাসনসহ অন্যান্য কাজের বা জলঅবকাঠামো নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;

ঘ) খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন;

ঙ) বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/ নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

চ) প্রযোজ্য ক্ষেত্রে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

ছ) বর্তমানে প্রস্তাবিত অঙ্গসমূহ পাশ্ববর্তী স্থানে চলমান বর্ণিত প্রকল্পের ডিপিপিতে অর্ন্তভূক্তিতে কোন সমস্যা হবে কিনা তা যাচাই করবেন;

জ) প্রকল্পটি বা এর কোন অঙ্গ অন্যান্য শীঘ্র বাস্তবায়িত, চলমান বা বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত হলে যথাযথ প্রমাণকসহ করনীয় বিষয়ে সুপারিশ পেশ করবেন।

ঝ) প্রকল্প বাস্তবায়নে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন;

ঞ) বর্ণিত স্থানসমূহ রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ট) কমিটি WARPO Guidelines অনুসরন করবেন।

২। কমিটি **অগ্রাধিকার ভিত্তিতে** সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy**(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

*চলমান পৃষ্ঠা-২*

**বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১। প্রধান প্রকৌশলী, নকশা,, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ আবুল বাশার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা'র দপ্তর, বাপাউবো, বরিশাল।
৪। জনাব মোঃ আমিনুল ইসলাম, গবেষণা কর্মকর্তা(পরিবেশ ও বন), হাওর বন্যা ব্যবস্থাপনা প্রকল্প, বাপাউবো, ঢাকা।
৫। জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা(অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা দপ্তর, বাপাউবো, ঢাকা
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর পওর সার্কেল, বাপাউবো, ফরিদপুর।
৭। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৮। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১-২। প্রধান পরিকল্পনা/পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
৪-৫। পরিচালক, যুগ্ম-প্রধান পরিকল্পনা দপ্তর/ প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৭। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী, শরীয়তপুর পওর বিভাগ, বাপাউবো, শরীয়তপুর।
৯-১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।